# নিরাপত্তায় সদাজাগ্রত



# এম ও ডি সি'তে সৈনিক পদে যোগ দিন

১। আগামী ৩০ এপ্রিল ২০১৮ তারিখ হতে ১০ মে ২০১৮ তারিখ পর্যন্ত মিনিষ্ট্রি অব ডিফেন্স কনস্ট্যাবিউলারি (এমওডিসি) সেন্টার এন্ড রেকর্ডস, রাজেন্দ্রপুর সেনানিবাস কর্তৃক নির্ধারিত জেলা কোটা অনুযায়ী এমওডিসি'তে সৈনিক পদে লোক ভর্তি করা হবে। ভর্তি সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

## যোগ্যতা

২। বয়স ঃ ২৪ জুন ২০১৮ তারিখে ১৭ হতে ২৫ বছর (এফিডেভিট গ্রহনযোগ্য নয়) ।

৩। শিক্ষাগত যোগ্যতা ঃ এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ-২.০০ পেয়ে উত্তীর্ণ ।

৪। জাতীয়তা ঃ বাংলাদেশী (পুরুষ নাগরিক) ।

৫। শারীরিক যোগ্যতা (ন্যূনতম) ঃ

ক। উচ্চতা - ১.৬৮ মিটার (৫ ফুট ৬ ইঞ্চি) ।
খ। ওজন - ৪৯.৯০ কেজি (১১০ পাউন্ড) ।
গ। বুক - স্বাভাবিক ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)।
স্ফীত ০.৮১ মিটার (৩২ ইঞ্চি)।
ঘ। দৃষ্টিশক্তি - ৬/৬ চশমা ছাড়া ।

৬। স্বাস্থ্য পরীক্ষা ঃ ডাক্তারী পরীক্ষায় যোগ্য হতে হবে ।

৭। বৈবাহিক অবস্থা ঃ অবিবাহিত (তালাকপ্রাপ্ত নয়) ।

৮। সাঁতার ঃ প্রার্থীকে অবশ্যই সাঁতার জানতে হবে ।

৯। পরীক্ষা সমূহ ঃ

ক। প্রাথমিক ডাক্তারী পরীক্ষা ।
খ। লিখিত পরীক্ষা ও চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা ।
গ। মৌখিক পরীক্ষা ।

১০। ভর্তির স্থান, তারিখ ও সময় ঃ এমওডিসি সদর দপ্তর, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর । ক্রমিক নম্বর ১৪ মোতাবেক ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে ।

১১। প্রশিক্ষণঃ এমওডিসি সেন্টার কর্তৃক ১২ সপ্তাহের মৌলিক প্রশিক্ষণ গ্রহন করতে হবে।

১২। ভর্তির সময় অবশ্যই সঙ্গে আনতে হবে ।

ক। শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ও ACADEMIC TRANSCRIPT (মার্কশীট) ।
খ। সংশ্লিষ্ট চেয়ারম্যান কর্তৃক দেয়া জন্মসূত্রে নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্রের মূলকপি ।
গ। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক দেয়া স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ সম্বলিত মূল প্রশংসাপত্র।
ঘ। অভিভাবকের সম্মতিসূচক সনদপত্র যা সংশ্লিষ্ট চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত।
ঙ। **"ওআইসি, এমওডিসি রেকর্ডস, সদর দপ্তর এমওডিসি"** এর নামে সোনালী ব্যাংক, রাজেন্দ্রপুর সেনানিবাস এর অনুকূলে ১৫০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ।
চ। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি এবং ষ্ট্যাম্প সাইজের ০২ কপি ছবি যা সত্যায়িত হতে হবে।
ছ। লিখিত পরীক্ষার জন্য কলম, পেন্সিল ও স্কেল ইত্যাদি ।

(বিঃ দ্রঃ উপরোল্লেখিত দলিল দস্তাবেজ ব্যতীত ভর্তি করা হবে না)

১৩। এমওডিসি পোষ্য কোটা ঃ ভর্তি সংক্রান্ত সকল শর্ত পূরণ সাপেক্ষে এমওডিসি পোষ্যদের জন্য ২৫% কোটা নির্ধারিত থাকবে । প্রমানস্বরুপ এমওডিসি রেকর্ডস হতে প্রয়োজনীয় নথিপত্র উপস্থাপন করতে হবে ।

১৪। রিক্রুটমেন্ট পরিকল্পনাঃ এমওডিসি'র ৫০ তম ব্যাচের জন্য রিক্রুটমেন্টের কার্যক্রম নিম্নরুপভাবে পরিচালনা করা যেতে পারে এমওডিসি'র ৫০ তম ব্যাচের জন্য রিক্রুটমেন্টের কার্যক্রম নিম্নরুপভাবে পরিচালনা করা যেতে পারে

| ভর্তির তারিখ | জেলার সমূহ |
|---|---|
| ৩০ এপ্রিল ২০১৮ | ঢাকা ১৫ জন |
| ০৩ মে ২০১৮ | গাজীপুর ০২, জন মুন্সিগঞ্জ ০১ জন, নারায়নগঞ্জ ০৩ জন, মানিকগঞ্জ ০১ জন, নরসিংদী ০১ জন, মাদারীপুর ০১ জন, শরিয়তপুর ০১ জন । |
| ০৬ মে ২০১৮ | কিশোরগঞ্জ ০১ জন, নেত্রকোনা ০১ জন, বান্দরবান ০১ জন, খাগড়াছড়ি ০১ জন। |
| ০৭ মে ২০১৮ | চট্টগ্রাম ১০ জন, কক্সবাজার ০৩ জন, ব্রাহ্মনবাড়ীয়া ০২ জন। |
| ০৮ মে ২০১৮ | চাঁদপুর ০২ জন, ফেনী ০২ জন, কুমিল্লা ০২ জন, লক্ষীপুর ০১ জন, নোয়াখালী ০৩ জন। |
| ০৯ মে ২০১৮ | বগুড়া ০১ জন, রংপুর ০১ জন, লালমনিরহাট ০১ জন, ঠাকুরগাঁও ০১ জন, সিলেট ০৫ জন। |
| ১০ মে ২০১৮ | মৌলভীবাজার ০১ জন, সুনামগঞ্জ ০২ জন, খুলনা ০১ জন, হবিগঞ্জ ০২ জন। |

১৫। মুক্তিযোদ্ধা কোটা ঃ মুক্তিযোদ্ধা পোষ্যদের জন্য ভর্তির সকল শর্ত পুরণ স্বাপেক্ষে ৩০% কোটা নির্ধারিত থাকবে। মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় ভর্তির জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক মুক্তিযোদ্ধার পোষ্য হিসেবে প্রদত্ত সনদপত্র প্রমানস্বরুপ রিক্রুটিং কর্তৃপক্ষের নিকট অবশ্যই উপস্থাপন করতে হবে।

১৬। চাকুরীর সুবিধাদি ঃ নির্ধারিত স্কেলে বেতন, ভাতা এবং পেনশনসহ বিনামূল্যে আহার ও বাসস্থান, বিনামূল্যে সরকারী পোষাক-পরিচ্ছদ, বিনামূল্যে চিকিৎসা, পরিবারবর্গের জন্য বিনামূল্যে চিকিৎসা, পরিবারবর্গের জন্য ভর্তুকি মূল্যে রেশন প্রদান ইত্যাদি ।

সতর্কীকরণঃ টাকার বিনিময়ে এমওডিসিতে লোক ভর্তি করা হয় না । এমওডিসিতে কেবল রিক্রুটিং অফিসার কর্তৃক সরাসরি ভর্তি এবং নিয়োগপত্র প্রদান করা হয়ে থাকে । এমওডিসি'তে ভর্তির জন্য প্রতারক বা দালালদের কবল হতে সতর্ক থাকুন । কেউ আর্থিক লেনদেনসহ কোন প্রকার প্রতারনা করার চেষ্টা করলে তাকে নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করুন । ভর্তি সংক্রান্ত কোনো সুপারিশ গ্রহনযোগ্য হবে না।

পরিচালক, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস